

“সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির” সভা।

সভার সভাপতি : জনাব নাছিমা সাদেক, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।

সভার তারিখ : ০৫.১০.২০২১ খ্রি.

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর : রেজিষ্টারে সংরক্ষিত।

অদ্য ০৫.১০.২০২১ খ্রি. তারিখ, রোজ-মঙ্গলবার, বেলা ১১.০০টায় উপজেলা পরিষদ সভাকক্ষে সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব নাছিমা সাদেক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় স্থায়ী কমিটির সকল সদস্য উপস্থিত। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। অত্র সভার কার্যবিবরণী নিম্নে উপস্থাপন করা হলো।


বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচ্য বিষয়	আলোচনা	সুপারিশ	পরিষদের সভায় উপস্থাপনকারী
০১.	সদস্য সচিব, উপজেলা সমাজসেবা অফিসার, সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে কেশবপুর উপজেলায় ১২ টি ইউনিটে বর্ধিত বয়স্ক, বিধবা ভাতাভোগীর ভাতা শতভাগ প্রদানের সিদ্ধান্ত হয়। বর্ধিত ভাতাভোগীদের নীতি মালার আলোকে যাচাই বাচাই করে শতভাগ ভাতা প্রদান করা হবে।	উপস্থিত সদস্যদের আলোচনান্তে সকল কার্যক্রমের উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	সদস্যসচিব, উপজেলা সমাজসেবা অফিসার, কেশবপুর, যশোর।
০২.	সদস্য সচিব জানান যে, সমাজসেবা কার্যালয়ের ঘূর্ণায়মান তহবিলের (ঋণের) বিনিয়োগকৃত কিছু অর্থ দীর্ঘ অনাদায়ী রয়েছে, যাহা আদায় হচ্ছে না এবং প্রশাসনিক ব্যবস্থা না নিলে আদায় সম্ভব নয়।	নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	ঐ
০৩.	সদস্য সচিব, উপজেলা সমাজসেবা অফিসার, সভায় জানান যে, হাসপাতাল সমাসেবা কার্যক্রমের মাধ্যমে অসহায় রোগীর চিকিৎসা সেবা প্রদান করা হয়। ফান্ড বৃদ্ধির জন্য সদস্য সংগ্রহ সহ দাতা ব্যক্তির নিকট থেকে ফান্ড বৃদ্ধির প্রয়োজন।	আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	ঐ

সভাপতি সমাজসেবা কার্যক্রমকে গতিশীল রাখার জন্য অনুরোধ করেন এবং কোন বিশেষ আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ভারিফুল ইসলাম
উপজেলা সমাজসেবা অফিসার
কেশবপুর, যশোর।


০৫/১০/২১
(নাছিমা সাদেক)

সভাপতি
সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
ও
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কেশবপুর, যশোর।